বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

শান্তিনগর শাখা, ঢাকা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে, **বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা,** কনকর্ড গ্র্যান্ড, ১৬৯/১, শান্তিনগর রোড, ঢাকা। বর্তমান ঠিকানা:- গ্রীন সিটি রিজেন্সী, ২৬, ২৭, ২৭/১, কাকরাইল, বীর উত্তম সামসুল আলম সড়ক, থানা- পল্টন, জেলা- ঢাকা। ঢাকা এর ঋণগ্রহীতা **মেসার্স ইকো ব্রিকস লিমিটেড,** প্রতিনিধিত্বে উহার চেয়ারম্যান, জনাব এম. হারুনুর রশীদ, এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব জসিম উদ্দিন, রেজিষ্টার্ড ঠিকানা: প্লট নং- ১৮৬, ব্লক- বি, বসুন্ধরা এভিনিউ রোড, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯, প্রধান কার্যালয়: ৩১৪/এ, রোড নং-১৮, ব্লক-ই, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯ **বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা,** ঢাকা হইতে বিভিন্ন ঋণ সুবিধা ভোগ করিয়াছেন, যাহা পরবর্তীতে দুইটি মেয়াদী ঋণে রূপান্তরিত হয়। **মেসার্স ইকো ব্রিকস লিমিটেড** এর গৃহিত উক্ত ঋণের বিপরীতে ১. জনাব এম. হারুনুর রশীদ, চেয়ারম্যান, পিতাঃ মৃত ঈমাম শরীফ, মাতাঃ মৃত ছালমা খাতুন, ঠিকানাঃ বাড়ী নং- ৩২, রোড নং-৭, বনানী-১২১৩, ঢাকা ২. জনাব জসিম উদ্দিন, ব্যবস্থাপনা পরিচালক, পিতাঃ মাহবুবুর রহমান, মাতাঃ মিসেস জেসমিন আখতার, ঠিকানাঃ ঠিকানাঃ বাড়ী নং- ক/১/৩/এ, রোড নং-১৩, বারিধারা (উত্তর), গুলশান, ঢাকা, ঋণ গ্রহীতা, ব্যক্তিগত জিম্মাদার ও কর্পোরেট জিম্মাদার হিসাবে ব্যাংক বরাবরে ব্যক্তিগতভাবে ও যৌথভাবে দায়বদ্ধ রহিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে আমাদের বাড়ী লিমিটেড নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিষ্ট্রী বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংককে আম-মোক্তার ও নিয়োগ করিয়াছেন। বারবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা- জিম্মাদার- বন্ধকদাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই বিধায় উক্ত ঋণ হিসাব সমূহ খেলাপী ঋণে পরিনত হইয়াছেন। বিগত **১৩/১২/২০২৩ ইং** তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচসহ মোট **১০৪,৭৫,৮২,৮৮৮.২৭ (একশত চার কোটি পচাঁত্তর লক্ষ বিরাশি হাজার আটশত আটাশি টাকা সাতাশ পয়সা মাত্র)** টাকা পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোক্তার দাতাগণের প্রদত্ত ক্ষমতা বলে এবং অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ (৩) ধারার বিধান মতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল ভূক্ত সম্পত্তি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগামী **১১/০১/২০২৪ ইং** তারিখ বেলা ৩.০০ ঘটিকা নিলামের দিন ধার্য্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে **বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা,** ঢাকাতে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহবান করা হইতেছে।

-শর্তসমূহ-

০১। প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে **"সম্পত্তি ক্রয়ের দরপত্র"** লিখিয়া দাখিল করিতে হইবে।

০২। দরপত্র অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

০৩। প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে **"বেসিক ব্যাংক লিমিটেড"** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

০৪। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

০৫। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রুতিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৬। উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

০৭। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

০৮। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

০৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

SCHEDULE-A

All that piece and parcel of land measuring 3 acre 81.86 decimal of land situated within District:- Gazipur, Police station- Sreepur, Sub-Registry Office - Sreepur, corresponding J.L.No.41, Mouja:- Tengra, S.A. Khatian Nos.124, 409, 143, 432, 218, 434, 219 & 210 corresponding R.S. khatian No. 62, S.A. Dag Nos. 389, 385/905, 392, 393, 390/904, 386, 389/903, 390/901, 390, 387, 385, 394, 386/904 & 396, S.A Khatian No. 216 corresponding R.S. Khatian No. 61, S.A dag Nos. 394, 395 393, R.S Dag No. 2001, S.A Khatian No. 217 corresponding R.S khatian No. 276 S.A dag No. 363, R.S dag No. 342 with Jote No.686; butted & bunted by: 389/903, 390/901, 390, 387, 385, 394, 386/904 & 396, S.A Khatian No. 216 corresponding R.S. Khatian No. 61, S.A dag Nos. 394, 395 393, R.S Dag No. 2001, S.A Khatian No. 217 corresponding R.S khatian No. 276 S.A dag No. 363, R.S dag No. 342 with Jote No.686; butted & bunted by: On the North: Khas Land &Siraj,On the South: Khas Land & Karim Mondal; On the East: Road ; and On the West: Safur Uddin &khas land.

ডেপুটি জেনারেল ম্যানেজার, শান্তিনগর শাখা, ঢাকা।

দৈনিক সমকাল এবং দৈনিক মুক্ত সংবাদ
প্রকাশ- ১৬/১২/২০২৩ইং